



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-৯৭

নৌপরিবহন প্রতিমন্ত্রী আগামীকাল রাজশাহী আসছেন

রাজশাহী; ০৬ অগ্রহায়ণ (২১ নভেম্বর):

নৌপরিবহন মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী, এমপি আগামীকাল মঙ্গলবার (২২ নভেম্বর) এক দিনের সরকারি সফরে রাজশাহী আসবেন। তিনি সকাল দশটায় বিমানযোগে রাজশাহী এসে পৌঁছবেন।

প্রতিমন্ত্রী সকাল সাড়ে দশটায় রাজশাহী বিভাগীয় কমিশনার কার্যালয়ে জাতীয় নদী রক্ষা কমিশনের আদ্রাই, ইছামতি, বড়াল, মহানন্দা ও পুনর্ভবা নদীর সমীক্ষা শীর্ষক প্রকল্পের বিভাগীয় কর্মশালায় প্রধান অতিথি হিসেবে যোগদান করবেন।

নৌপরিবহন প্রতিমন্ত্রী এদিন বিকাল সোয়া পাঁচটায় বিমানযোগে ঢাকার উদ্দেশ্যে রাজশাহী ত্যাগ করবেন।

.....

তৌহিদ/রুহুল/হালিম/২০২২/১২.২০ঘ.